

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাশালা, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বা অধি/সিপি/সি/ভর্তি/এমবিবিএস/২০০৫-২০০৬/৯৭৭

তারিখ: ২৯/১২/২০০৫ খ্র

বিষয়: ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে সরকারী ১৩টি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো।

গত ২৩/১২/২০০৫ তারিখে অনুষ্ঠিত সরকারী ১৩টি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইল। নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী মোট ১৯৬০ জন ছাত্র/ছাত্রীকে (সাধারণ আসনে ১৯০০ জন, মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য সংরক্ষিত আসনে ৪০ জন, উপজাতীয় ও অ-উপজাতীয় ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত আসনে ২০ জন) সাময়িকভাবে ভর্তি যোগ্য বিবেচিত হইয়াছেন। তাহাদেরকে মেধা ও কলেজ পছন্দের ভিত্তিতে দেশের ১৩টি সরকারী মেডিকেল কলেজে ভর্তির জন্য নির্বাচিত করা হইয়াছে। একই সঙ্গে মেধাভিত্তিক সাধারণ ৪০০(চারশত) জন এবং মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য সংরক্ষিত আসনে ২০ (বিশ) জন, উপজাতীয় ও অ-উপজাতীয়দের সংরক্ষিত আসনে ১২ (বার)জন এর অংশক্রমান তালিকা প্রকাশ করা হইল।

যে মেডিকেল কলেজে ভর্তির জন্য নির্বাচিত হইয়াছেন। সেই মেডিকেল কলেজের অধ্যক্ষের সহিত ভর্তির ব্যাপারে যোগাযোগ করার জন্য ছাত্র/ছাত্রীদেরকে নির্দেশ দেওয়া হইল। ভর্তি পরীক্ষার অংশগ্রহণকারী সকল ছাত্র/ছাত্রী পরীক্ষার ফলাফল যে কলেজে পরীক্ষা দিয়াছেন সেই কলেজের অধ্যক্ষের দপ্তর হইতে বিস্তারিত জানিতে পারিবেন। স্বাস্থ্য অধিদপ্তর হইতে ফলাফল সংক্রান্ত কোন তথ্য জানা যাইবে না।

ফল প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিচালক, মেডিকেল এডুকেশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাশালা, ঢাকা এর অনুমোদিত ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফিসের নামে) জমা দিয়া স্বীয় পরীক্ষার ফলাফল নিরীক্ষার জন্য আবেদন করিতে পারিবেন। নিরীক্ষা কমিটি কর্তৃক আবেদনকারীর উত্তর-পত্র নিরীক্ষা করার পর পরীক্ষার ফলাফল আবেদনকারীকে জানান হইবে। এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের ভর্তি পরীক্ষা কমিটি সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

আগামী ২৫/০১/২০০৬ তারিখ রোজ বুধবার ভর্তির শেষ তারিখ নির্ধারণ করা হইয়াছে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের স্বয়ংক্রিয় মাইগ্রেশন ব্যতীত অন্য কোন কলেজে বদলি বা মাইগ্রেশনের কোন সুযোগ নাই।

ন্যূনতম ২(দুই) বার মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার পর ১ম বর্ষ এমবিবিএস ক্লাস শুরু হইবে। ক্লাস শুরু তারিখ অধিদপ্তর হইতে মেডিকেল কলেজ কর্তৃপক্ষকে জানান হইবে। এ ব্যাপারে ছাত্র/ছাত্রীরা অধ্যক্ষের সাথে যোগাযোগ করিবেন।

ভর্তি পরীক্ষার ফলাফল এর যে কোন সংশোধন ও সংযোজনের অধিকার স্বাস্থ্য অধিদপ্তর এর ভর্তি কমিটি সংরক্ষণ করে।

অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিকান্দার উল্লাহ পরিচালক চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন

MBBS Admission Test : 2005- 2006 List of Selected Candidates

According to CollegeCode-Reg.No.

Table with columns for Dhaka Medical College, Dhaka, listing candidate names and IDs.

Table with columns for Sir Salimullah Medical College, Dhaka, listing candidate names and IDs.

Table with columns for Mymensingh Medical College, Mymensingh, listing candidate names and IDs.

Table with columns for Chittagong Medical College, Chittagong, listing candidate names and IDs.

Table with columns for Rajshahi Medical College, Rajshahi, listing candidate names and IDs.

M.A.G.Osmani Medical College, Sylhet

Table listing candidate names and IDs for M.A.G.Osmani Medical College, Sylhet.

Sher-e-Bangla Medical College, Barisal

Table listing candidate names and IDs for Sher-e-Bangla Medical College, Barisal.

Rangpur Medical College, Rangpur

Table listing candidate names and IDs for Rangpur Medical College, Rangpur.

Comilla Medical College, Comilla

Table listing candidate names and IDs for Comilla Medical College, Comilla.

Khulna Medical College, Khulna

Table listing candidate names and IDs for Khulna Medical College, Khulna.

Shahid Ziaur Rahman Medical College, Bogra

Table listing candidate names and IDs for Shahid Ziaur Rahman Medical College, Bogra.

Faridpur Medical College, Faridpur

Table listing candidate names and IDs for Faridpur Medical College, Faridpur.

Dinajpur Medical College, Dinajpur

Table listing candidate names and IDs for Dinajpur Medical College, Dinajpur.

MBBS Admission Test : 2005- 2006 Waiting List of Candidates

According to CollegeCode-Reg.No. (Waiting Serial)

Table listing candidate names and IDs for the MBBS Admission Test 2005-2006 Waiting List.

Civil Aviation Authority of Bangladesh Tender Notice. Includes details about RMO EM works services at Saidpur Airport, estimated cost, and eligibility criteria.

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা. গোলকর্ষ ক্রয়ের টেন্ডার বিজ্ঞপ্তি. Includes details about the tender for the purchase of 1000 tons of fertilizer.